

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৬৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমাম দুই রাকআতের পর ভূলে দাঁড়িয়ে গেলে।

باب مَا جَاءَ فِي الإِمَامِ يَنْهَض نُ فِي الرَّكْعَتَيْنِ نَاسِيًا

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيع، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا ابْنُ أَبِي لَيْلَى، عَنِ الشَّعْبِيّ، قَالَ صلَّى بِنَا الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ فَنَهَضَ فِي الرَّكْعَتَيْن فَسَبَّحَ بِهِ الْقَوْمُ وَسَبَّحَ بِهِمْ فَلَمَّا صَلَّى بَقِيَّةَ صَلَاتِهِ سَلَّمَ ثُمَّ سَجَدَ سَجْدَتَى السَّهْوِ وَهُوَ جَالِسٌ ثُمَّ حَدَّثَهُمْ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَعَلَ بهمْ مِثْلَ الَّذي فَعَلَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ وَسَعْد وَعَبْد اللَّهِ ابْن بُحَيْنَةَ . قَالَ أَبُو عِيسَى حَديثُ الْمُغِيرَةِ بْن شُعْبَةَ قَدْ رُويَ مِنْ غَيْر وَجْهٍ عَن الْمُغِيرَةِ بْن شُعْبَةَ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ تَكَلَّمَ بَعْضُ أَهْلِ الْعِلْم فِي ابْنِ أَبِي لَيْلَى مِنْ قِبَلِ حِفْظِهِ . قَالَ أَحْمَدُ لاَ يُحْتَجُّ بحَديث ابْن أَبي لَيْلَي . وَقَالَ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ ابْنُ أَبي لَيْلَى هُوَ صَدُوقٌ وَلاَ أَرْوِي عَنْهُ لأَنَّهُ لاَ يَدْرِي صَحِيحَ حَدِيثِهِ مِنْ سَقِيمِهِ وَكُلُّ مَنْ كَانَ مِثْلَ هَذَا فَلاَ أَرْوي عَنْهُ شَيْئًا . وَقَدْ رُويَ هَذَا الْحَديثُ مِنْ غَيْر وَجْهٍ عَن الْمُغِيرَةِ بْن شُعْبَةَ رَوَاهُ سُفْيَانُ عَنْ جَابِرِ عَنِ الْمُغِيرَةِ بْنِ شُبَيْلِ عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِم عَنِ الْمُغِيرَةِ بْن شُعْبَةَ . وَجَابِرٌ الْجُعْفِيُّ قَدْ ضَعَّفَهُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ تَرَكَهُ يَحْيَى بْنُ سَعِيدِ وَعَبْدُ الرَّحْمَن بْنُ مَهْدِيِّ وَغَيْرُهُمَا . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ أَنَّ الرَّجُلَ إِذَا قَامَ فِي الرَّكْعَتَيْنِ مَضَى فِي صَلاَتِهِ وَسَجَدَ سَجْدَتَيْنِ مِنْهُمْ مَنْ رَأَى قَبْلَ التَّسْلِيم وَمِنْهُمْ مَنْ رَأَى بَعْدَ التَّسْلِيمِ . وَمَنْ رَأَى قَبْلَ التَّسْلِيمِ فَحَدِيثُهُ أَصنَحُ لِمَا رَوَى الزُّهْرِيُّ وَيَحْيَى بْنُ سَعِيدٍ الأَنْصَارِيُّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ الأَعْرَجِ عَنْ عَبْدِ اللَّهِ ابْنِ بُحَيْنَةَ .

বাংলা

৩৬৪. আহমদ ইবনু মানী (রহঃ) .... শা'বী (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ একবার মুগীরা ইবনু শু'বা



রাদিয়াল্লাহু আনহু সালাতে আমাদের ইমামতি করলেন। কিন্তু দুই রাকআতের পর তিনি উঠে দাঁড়িয়ে পড়লেন। মুসল্লিরা তাকে সতর্ক করতে সুবহানাল্লাহ পাঠ করলেন। তিনিও তখন সুবহানাল্লাহ বললেন। সালাত শেষে তিনি বসাবস্থায় সিজদা সহ্ও করলেন। পরে বললেন যে, তিনি এখন যেমন করলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও এই ক্ষেত্রে তাঁদের নিয়ে এমন করেছিলেন। - ইবনু মাজাহ ১২০৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৬৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উকবা ইবনু আমির, সা'দ ও আবদুল্লাহ ইবনু বুহায়না রাদিয়াল্লান্থ আনন্থ থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ মুগীরা ইবনু শু'বা বর্ণিত এই হাদীসটি তাঁর থেকে একাধিক সনদে আছে। আলিমগণ ইবনু আবী লায়লার স্মরণশক্তির সমালোচনা করেছেন। ইমাম আহমদ বলেনঃ ইবনু আবী লায়লার হাদীস দলীল হিসাবে গ্রহণ করা যায় না। মুহাম্মাদ ইবনু ইসমাঈল আল-বুখারী (রহঃ) বলেনঃ ইবনু আবী লায়লা সত্যবাদী (সা'দৃক) বটে কিন্তু আমি তার থেকে হাদীস বর্ণনা করি না। কারণ তাঁর দুর্বল ও সহীহ হাদীসগুলো আলাদা আলাদা বুঝা যায় না। আর যাদের অবস্থা এই, তাদের কোন হাদীস আমি বর্ণনা করি না। এই হাদীসটি মুগীরা ইবনু শু'বা থেকে একাধিক সূত্রে বর্ণিত আছে। সুফইয়ান জাবির, মুগীরা ইবনু শুবাইল কায়স, ইবনু আবী হাযিম মুগীরা ইবনু শু'বা রাদিয়াল্লান্থ আনহু সনদে ও এটি বর্ণিত আছে। তবে এই সনদে উল্লেখিত রাবী জাবির আল-জু'ফীকে কতক আলিম যঈফ বলে মন্তব্য করেছেন। ইয়াহইয়া ইবনু সাঈদ, আবদুর রহমান ইবনু মাহদী প্রমুখ হাদীস বিশরদ তাকে বর্জন করেছেন।

আলিমগণ এই হাদীস অনুসারে আমল করেছেন। তারা বলেনঃ দুই রাকআতের পর কেউ যদি (ভুলে) দাঁড়িয়ে যায় তবে সে সালাত চালিয়ে যাবে এবং শেষে সিজদা সাহও করবে। কেউ কেউ বলেনঃ সালামের পর সিজদা সাহু করবে, আর কেউ কেউ বলেন সালামের আগেই সিজদা সাহু করবে। যারা বলেন সালামের পূর্বে সিজদা সাহু করবে, তাদের কথা অধিকতর সঠিক। কেননা যুহরী ও ইয়াহইয়া ইবনু সাঈদ আল-আনসারী (রহঃ) আবদুর রহমান আল-আ'রাজের সূত্রে আবদুল্লাহ ইবনু বুহায়না থেকে তা বর্ণনা করেছেন।

## **English**

Ash-Sha'bi narrated:

"Al-Mughirah bin Shu'bah led us in Salat, and he continued after the two Rak'ah, so the people said: 'Subhan Allah' and he said: 'Subhan Allah' to them. When he finished his Salat he said the Taslim then performed two prostrations of As-Sahw while he was sitting. Then he narrated to them that Allah's Messenger did the same with them as he had done."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ শা'বী (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন